

আবেদ চৌধুরীর কবিতা

তোমার স্মৃতি, শিশিরে

এক

তোমার স্মৃতিতে বিহ্বল তাই
কাঁঠালচাঁপায় শিশিরের কণা জমে;
ফোটা ফোটা জল যেন অনন্ত প্রেমের প্রসব মাখা ।
এখনি ঝরবে সময় শিশুর ঘড়ি;

যে জল মাটিতে স্মৃতির ছিন্ন
যে ট্রেন গিয়েছে ছেড়ে,
রাত শেষ হল টুপটাপ শুধু শিশিরের জল ঝরে

দুই

দূর্বা-ডগার ক্রিস্টাল জল,
ঝলসে ভোরের রোদে
অমা রজনীর নেশা ভরা ফুল সে কি ?
তাকে খোঁজে সব ভ্রমরের দল হলুদ সর্ষে বনে
তার খোঁজে ফিরে প্রেমিকের দল
নিষ্ফল বুনো মদে
জীবন মথিত গরল পানীয় সে কি?